মুখবন্ধ

২০০৪ সনের প্রলয়ঙ্করী বন্যা, পোশাক শিল্পের উপর কোটা প্রথা বিলুপ্তির চ্যালেঞ্জ, অভ্যন্তরীণ রাজনৈতিক অস্থিরতা ও আন্তর্জাতিক বাজারে জ্বালানি তেলসহ প্রয়োজনীয় আমদানি পণ্যের অস্বাভাবিক মূল্যবৃদ্ধি সত্ত্বেও ২০০৪-০৫ অর্থবছরে বাংলাদেশের সামষ্টিক অর্থনীতিতে স্থিতিশীলতা বজায় থাকে। চলতি অর্থবছরে জিডিপি'র প্রবৃদ্ধি, সহনীয় বাজেট ঘাটতি, রপ্তানি ও আমদানি বৃদ্ধি, বৈদেশিক মুদ্রার রিজার্ভ পরিস্থিতির উন্নতি, জাতীয় বিনিয়োগে আশাব্যঞ্জক অগ্রগতি, ব্যক্তিখাতে ঋণের যোগান বৃদ্ধি, সামষ্টিক অর্থনৈতিক ব্যবস্থাপনায় সরকারের প্রধান প্রধান সাফল্যের নির্দেশক। বাস্তবমুখী নীতি অনুসরণ এবং উপযুক্ত সংস্কার কর্মসূচি বাস্তবায়নের ফলে সরকার এ সফলতা অর্জনে সক্ষম হয়েছে।

২। অর্থনীতিতে বিদ্যমান নানা চ্যালেঞ্জ মোকাবেলা করে সরকার সামাজিক খাতের বিভিন্ন ক্ষেত্রে যে সাফল্য অর্জন করেছে তা বিভিন্ন মহলে সমাদৃত ও প্রশংসিত হয়েছে। শিক্ষা, স্বাস্থ্য ও পুষ্টিখাতে মানব-দারিদ্র হ্রাসে বাংলাদেশের সাফল্য উন্নয়নশীল দেশের তুলনায় বেশি। মানব উন্নয়ন সূচকের নিরিখে বাংলাদেশের মধ্যম মানে স্থান করে নেয়ার সফলতাও এক গুরুত্বপূর্ণ অর্জন। নারীর ক্ষমতায়ন, শিক্ষা ক্ষেত্রে জেন্ডার-বৈষম্য দূরীকরণ এবং দেশের ৯৭ শতাংশ শিশুর প্রাথমিক শিক্ষা লাভ নিশ্চিত করার মাধ্যমে সরকার তার মানব-কল্যাণের অঙ্গীকার পূরণ করেছে।

৩। জাতিসংঘ ঘোষিত Millennium Development Goals -এর সাথে সামঞ্জস্য রেখে সরকার জানুয়ারি ২০০৫-এ "Unlocking the Potential: National Strategy for Accelerated Poverty Reduction" শীর্ষক পূর্ণাঙ্গ দারিদ্র নিরসন কৌশলপত্র চূড়ান্ত করেছে। এ মধ্যমেয়াদি জাতীয় পরিকল্পনার আলোকে সরকার দ্রুত দারিদ্র নিরসনের মাধ্যমে উচ্চতর প্রবৃদ্ধি অর্জনে দৃঢ়সঙ্কল্প।

৪। অর্থনৈতিক সমীক্ষা ২০০৫-এ চলতি অর্থবছরে অর্থনৈতিক ও সামাজিক ক্ষেত্রে অর্জিত অগ্রগতি তুলে ধরে সরকারের সামনে যে সব চ্যালেঞ্জ রয়েছে তার উপরও আলোকপাত করা হয়েছে।

৫। মূল্যবান তথ্য ও উপাত্ত সরবরাহ করে যে সকল মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এ সমীক্ষা প্রণয়নে সহযোগিতা করেছেন তাঁদের মোবারকবাদ জানাই। সমীক্ষায় উপস্থাপিত তথ্য ও উপাত্ত উৎসাহী পাঠক, গবেষক, শিক্ষাবিদ, শিক্ষার্থী এবং আগ্রহী প্রতিষ্ঠানসমূহের প্রয়োজন পূরণ করলে আমাদের শ্রম ও প্রয়াস সার্থক হবে। সমীক্ষাটি প্রণয়নে অর্থ বিভাগের অর্থনৈতিক উপদেষ্টা অনুবিভাগের কর্মকর্তা ও কর্মচারিবৃন্দ যে নিরলস পরিশ্রম করেছেন তার জন্য তাঁদের আন্তরিক ধন্যবাদ জানাই।

(মোঃ সাইফুর রহমান)
মন্ত্রী
অর্থ ও পরিকল্পনা মন্ত্রণালয়